দৈনিক ইত্তেফাক

তারিখ ১৫ OCT 1990
পৃষ্ঠা ১ কলাম ২

# ক্যাম্পাস শান্ত ।। ছাত্র-ছাত্রীদের হল ত্যাগ

(ইত্তেফাক রিপোর্ট)

মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠান-সমূহ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার পর গতকাল (রবিবার)

( ১১শ পৃঃ দ্রঃ )

## ক্যাম্পাস শান্ত

(১ম পৃঃ পর)

ঢাকা বিশ্ববিদ্যালয় বুয়েটসহ বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীরা হল ত্যাগ করিয়াছে। শনিবার গভীর রাতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণার পর বিভিন্ন হলের ছাত্ররা বিক্ষোভ মিছিল বাহির করে। রাত প্রায় সাড়ে ১২টায় বিভিন্ন হলের ছাত্ররা মিছিল করিয়া ভিসির বাসভবনে ভিসির সহিত সাক্ষাৎ করিতে যায়। ছাত্রদের উদ্দেশ্যে ভিসি বলেন, দেশে এখন জরুরী আইন নাই। কাজেই হঠাৎ করিয়া বিশ্ব-বিদ্যালয় বন্ধ ঘোষণার কোন যৌক্তিকতা দেখি না। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় খোলা অথবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিতে পারে একমাত্র সিণ্ডিকেট। কাজেই সিণ্ডিকেটকে পাশ কাটাইয়া বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণা মানিয়া নেওয়া যায় না। ভিসির বাসভবন হইতে ফিরিয়া অনেক ছাত্র গভীর রাতেই হল ত্যাগ করে। তবে গতকাল সকালে অধিকাংশ ছাত্র-ছাত্রী হল ত্যাগ করে।

সকাল ৭টার মধ্যে হল ত্যাগের নির্দেশ ঘোষিত হওয়ায় বিশেষ করিয়া ছাত্রীরা অসুবিধায় পড়ে। রোকেয়া ও শামসুন্নাহার হলের সম্মুখে অনেক ছাত্রীকে ব্যাগ, বই পত্র নিয়া দীর্ঘক্ষণ বসিয়া থাকিতে দেখা যায়। সকালে ক্যাম্পাসে রিকসার সংখ্যা কম থাকায় ব্যাগ মাথায় নিয়া অনেক ছাত্র-ছাত্রীকে ক্যাম্পাস ত্যাগ করিতে হয়।

গতকাল সকালে সকল হলের ক্যাম্পাসে, প্রধান ফটকে বি,ডি,আর-পুলিশ মোতায়েন করা হয়। পুলিশ মাইকযোগে ছাত্র-ছাত্রীদের সকাল ৭টার মধ্যে হল ত্যাগ করিতে বলে। ৮টার মধ্যে ক্যাম্পাস ছাত্র-ছাত্রী শূন্য হইয়া পড়ে। পরে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ক্যাম্পাস ত্যাগ করে। রাতে রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাস শান্ত ছিল। কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।